দর্শনা আন্তজার্তিক রেল বন্দরে ২০ দিন আমদানী রপ্তানি বন্ধ

টানা ২০ দিন দর্শনা আন্তজার্তিক রেল বন্দরে ভারত বাংলাদেশ আমদানী রপ্তানি বন্ধ রয়েছে কমেছে কয়েক গুন সরকারী রাজস্ব।

চুয়াডাঙ্গা জেলার দর্শনা রেলবন্দরে ভারতীয় কোন মালবাহি ট্রেন প্রবেশ করেনি, গতকাল মঙ্গলবার পর্যন্ত গত ২০ দিনে ভারত থেকে আমদানিকৃত কোন মালবাহী ওয়াগন বন্দরে আসেনি। ফলে বন্দরের শ্রমিক, সি এন্ড এফ কর্মচারি ও সারা দেশ থেকে আসা ট্রাক ড্রাইভার হেলফার বেকার ও অলস সময় পার করছে। সি এন্ড এফ এসোসিয়েশন সাধারন সম্পাদক ও পৌর মেয়র আতিয়ার রহমান হাবু সহ সংশ্লিষ্টরা জানালেন দু দেশের রাজস্ব হ্রাস পেতে পারে।

দর্শনা রেল বন্দর সুত্রে জানা যায় সম্প্রতি সময় দেশের বর্তমান পরিস্থিতির কারনে ও ভারতীয় রেল পরিচালক ও আমদানিকৃত মালামালের নিরাপত্তা সহ অন্যান্য বিষয়ে চিন্তা করে গত ২৪ জুলাই দর্শনা রেলপথের মাধ্যমে ভারত থেকে সব ধরনের আমদানি করা মালামাল আসা বন্ধ করা হয়। বাংলাদেশ রেল কতৃপক্ষ দেশের স্বাভাবিক অবস্থায় যখন গতকাল মঙ্গলবার থেকে মালবাহি ও লোকাল ট্রেন চালানোর সিন্ধান্ত নেন, সে সময় দর্শনা আন্তর্জাতিক রেলবন্দরে ভারতীয় মালবাহি ট্রেন প্রবেশ করার কথা থাকলেও তা আসেনি বলে দর্শনা রেলস্টেশন ম্যানেজার জানান। দর্শনা আন্তর্জাতিক রেলস্টেশন ম্যানেজার মির্জা কামরুল ইসলাম আরো জানালেন গত ২০ দিন অতিবাহিত হলেও দর্শনা বন্দরে কোন ভারতীয় মালবাহি ওয়াগন আসেনি, তিনি বলেন আমদানি কারকদের মাধ্যমে তাগাদা দিলেও তারা ওয়াগন পাঠাচ্ছে না। কি কারনে পাঠানো হচ্ছে না তা অবশ্য তারা জানায়নি । এ দিকে বন্দর শ্রমিক, সি এন্ড এফ এজেন্ট, কর্মচারি ও দেশের বিভিন্ন এলাকা থেকে আসা ট্রাকচালক ও হেলফারগন বেকার ও অলস হয়ে পড়ে আছে।

দর্শনা রেলস্টেশন ম্যানেজার মির্জা কামরুল ইসলাম জানান ২০২৩-২৪ অর্থবছরে রেলভাড়া বাবদ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ১শ ১৬ কোটি ৮৩ লক্ষ ৭৯ হাজার ৩৬৪ টাকা সেখানে ২৬ কোটি ৯৫ লাখ ১৫ হাজার ৬২৩ টাকা আদায় হয়েছে। এখানেও লক্ষ্যমাত্রা তুলনায় অনেক গুণ কম রাজস্ব আদায় হয়েছে।

দর্শনা কাস্টমসের রাজস্ব কর্মকর্তা বাবু সুশান্ত চৌধুরি জানান ২০২৩-২৪ অর্থ বছরে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ১শ ৭৮ কোটি টাকা সেখানে রাজস্ব আদায় হয়েছে ৩৪ কোটি ৪ লাখ টাকা যা লক্ষ মাত্রা তুলনায় অনেক গুণ কম।

দর্শনা সি এন্ড এফ এসোসিয়েশনের সাধারন সম্পাদক ও পৌর মেয়র আতিয়ার রহমান হাবু জানান দু দেশের রাজস্ব আদায়ের স্বার্থেই অতি দ্রুত দর্শনা বন্দরে ভারতীয় মালবাহি ওয়াগন প্রবেশ দরকার।

দর্শনায় আইনশৃঙ্খলা স্বাভাবিক রাখতে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ান

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে অবৈধ অনুপ্রবেশ সহ এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি ও নিরাপত্তা স্বাভাবিক রাখতে দর্শনা সাংবাদিকদের সাথে প্রেসব্রেফিং করেছে।

গতকাল শনিবার দুপুর ২ টার দিকে দর্শনা থানায় পুলিশ – বিজিবির যৌথ উদ্যোগে এ প্রেসব্রেফিং অনুষ্ঠিত হয়। এ প্রেসব্রেফিংয়ে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ানের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান বলেন, দেশের স্বার্থে দর্শনা থানা পুলিশ কে মাঠে নেমে আইনশৃঙ্খলা রক্ষা কাজে নিয়োজিত থাকার আহ্বান করেন। প্রয়োজনে বিজিবি সার্বক্ষণিক তাদেরকে সহযোগিতা করবে বলে তিনি জানান।

তিনিও আরও বলেন সীমান্ত এলাকা এই এলাকায় কোন প্রকার ডাকাতি ছিনতাই অবৈধ মাদক চাঁদাদাবিসহ যে দলেরই হোক কোন প্রকার ছাড় দেওয়া হবে না। এ সময় দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা বলেন,আমাদের ১১ দফা দাবি দিয়েছি এ দাবিগুলো মেনে নিলে আমরা সবাই আইনশৃঙ্খলা স্বাভাবিক রাখতে বদ্ধপরিকর থাকবে বাংলাদেশ পুলিশ। সে সাথে বলেন আমরা প্রয়োজনে যৌথভাবে টহল জোরদার করা হবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন,দর্শনা থানার ওসি অপারেশন শফিকুল ইসলাম, এস আই তারেক, এ এস আই আবু হানিফসহ পুলিশ বিজিবির সদস্যরা উপস্থিত ছিলেন।

দর্শনা সরকারী কলেজের ৮৯ ব্যাচের পূর্ণ মিলনী সামনে রেখে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

আগামী ডিসেম্বর-২০২৪ দর্শনা সরকারী কলেজের ৮৯ ব্যাচের পূর্ণ মিলনী সামনে রেখে ১ম প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৫টায় দর্শনা প্রেসক্লাবে দর্শনা কলেজের ৮৯ ব্যাচের আহবায়ক কমিটির উদ্যোগে এ সভা অনুষ্ঠিত হয়।

৮৯ ব্যাচের আহবায়ক আজিজুল হকের সভাপতিত্বে সভায় বেশ কিছু প্রস্তুতি নেওয়া হয়েছে। প্রাথমিক পযার্য়ে এসব প্রস্তুতির মধ্যে সেপ্টেম্বর মাসে ৮৯ ব্যাচের সকলের সাথে যোগাযোগ করা হবে। আক্টোবর মাস জুড়ে রেজিষ্টেশন চলবে এবং নভেম্বর মাসে উপকরণ যেমন সুবিনির, ব্যানার, ব্যার্চ, ক্রেস্ট, গেঞ্জী ক্রয় তালিকা করে প্রস্তুতি গ্রহন করাসহ বেশ কিছু সিদ্ধান্ত নেওয়া হয়।

তবে আগামীতে আরো বেশ কিছু সভার মাধ্যমে চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করে অনুষ্ঠান বাস্তবায়ন করা হবে বলে উপস্থিত সকলেই জানান। সভায় উপস্থিত ছিলেন,যুগ্ম আহবায়ক আওয়াল হোসেন, এরশাদুল হক কচি, মহাইমিনুল হক মিনা, হুমায়ন কবির, সাকিল আহম্মেদ, আব্দুস ছামাদ আজাদ বিপু, মোজাফ্ফর হোসেন ইনু ও সলিম উল্লাহ।

দর্শনায় বৈষম্য বিরোধী আন্দোলনে নিহত শহীদ ছাত্র-ছাত্রীর জন্য দোয়া অনুষ্টিত

বৈষম্য বিরোধী আন্দোলনে নিহত শহীদ ছাত্র/ছাত্রীর জন্য দোয়া অনুষ্টিত দর্শনা পৌরসভার সকল মসজিদে। আজ শুক্রবার জুম্মার নামাজ শেষে দর্শনা পৌরসভা এলাকায় সকল মসজিদে মসজিদে বৈষম্য বিরোধী আন্দোলনে নিহত শহীদ ছাত্র/ছাত্রীর জন্য দোয়া অনুষ্ঠান ও বিশৃ্খংলা থেকে বিরত থাকার আহবান জানানো হয়।

এছাড়া দর্শনা পৌর বিএনপির উদ্যোগে মসজিদে আসা মুসুর্ল্লীদের উদ্যোশে বলা হয় কেউ কোথাও বিশৃঙ্খলা ও জন-সাধারণের জানমাল বিনষ্ট করা বা ব্যবসা প্রতিষ্ঠানে হামলা করা না হয়।

দর্শনা পরানপুর মসজিদে দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বকারী হাবিবুর রহমান বুলেট উপস্থিত থেকে সকল গার্জিয়ানকে সর্তক করে বলেন, আপনাদের সন্তানদেরকে বলবেন কেউ যদি জন-সাধারণের শান্তি নষ্ট বা কোথাও হামলা করে তাহলে আমরা তাকে ধরে আইন প্রয়োগকারী সংস্থার কাছে সোর্পদ করবো। এছাড়া প্রতিটি পৌর এলাকার মসজিদে মসজিদে এ সর্তক করা হয় বলে জানা গেছে। এদিকে দর্শনা থানাধীন তিতুদহ ইউনিয়নে আওয়ামীলীগের অফিস কক্ষে আগুন দেওয়া দর্শনা বাস স্ট্যান্ডে শালিস বৈঠক করে সকলকে সর্তক করেন। এবং বলেন আর যদি কোন প্রকার জ্বালাও পোড়াও করা হয় তাহলে তার বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেওয়া ও গ্রহন করা হবে। এ থেকে কেউ রেহায় পাবে না বলে কঠিন সতর্কবার্তা দেওয়া হয়েছে। শালিস বৈঠকে উপস্থিত ছিলেন, দর্শনা থানা বিএনপির সভাপতি ও সাবেক পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের চেয়ারম্যন খাজা আবুল হাসনাত, দর্শনা থানা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক বেগমপুর ইউনিয়নের চেয়ারম্যন আহম্মদ আলী, দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়াক হাবিবুর রহমান বুলেট, দর্শনা পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মহিউদ্দিন, পৌর সমন্বকারী সদস্য জালাল উদ্দিন লিটন ও জালাল উদ্দিন।

চুয়াডাঙ্গার দর্শনায় বিএনপি ও জামায়াতের আনন্দ মিছিল দোয়া অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় বিক্ষোভ ও আনন্দ মিছিল করেছে বিএনপি ও জামাত, আলমডাঙ্গা, দামুড়হুদা ও দর্শনা থানা শাখার উদ্যোগে স্বৈরাচারী শেখ হাসিনার পতন ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের বিজয়ে কেন্দ্র ঘোষিত শোকরানা মিছিল ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। দীর্ঘ ১৭ বছর পর রাজপথের এসব মিছিলে জামায়াতে ইসলামী ও ইসলামী ছাত্র শিবিরের কর্মী ছাড়াও বিপুল সংখ্যক সাধারন মানুষের বাধঁভাঙ্গা জোয়ার ছিল চোখে পড়ার মতো।

সকল অনুষ্ঠানে প্রধান মেহমান হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর ও আয়কর আইনজীবী মোঃ রুহুল আমিন, জেলা নায়েবে আমীর ও সাবেক উপজেলা চেয়ারম্যান মাওলানা আজিজুর রহমান, জেলা সেক্রেটারী অ্যাডভোকেট আসাদুজ্জামান আসাদ, দামুড়হুদা থানা আমীর মোঃ নায়েব আলী, দর্শনা থানা আমীর মাওলানা রেজাউল করিম, আলমডাঙ্গা থানা আমীর মোঃ দারুস সালাম ও আব্বাছ আলী এবং জেলা নেতৃবৃন্দ।

এসব অনুষ্ঠানে বক্তব্যকালে প্রধান অতিথি বিজয়ের এই আনন্দে অতিসয্য হয়ে কেউ যেন আইনকে হাতে তুলে নিতে না পারে সেজন্য সকলকে সজাগ হবার নির্দেশ দেন। আওয়ামীলীগের কর্মীদের সতর্ক করে দিয়ে বলেন, আপনারা আমাদের মাওলানা নিজামী, আলী আহসান মুহাম্মদ মুজাহিদসহ অসংখ্য নেতাকর্মীকে আইনের মারপ্যাচে শহীদ করে যে কুলাঙ্গারের পরিচয় দিয়েছেন আমরা তার প্রতিশোধ নিতে চাইনে, কিন্তু এখনোও যদি কোন রকম ঘাপটি মেরে ক্ষতি করতে চান তবে কাউকে আর ছাড় দেয়া হবেনা।

জামায়াতে ইসলামী বাংলাদেশ এদেশের মানুষের ভাগ্য পরিবর্তন করতে চায়। আগামীতে সুযোগ আসছে, এ সুযোগের সদ্বব্যবহার করতে হবে। মনে রাখতে হবে এদেশের মাটি, এদেশের মানুষ, এ দেশের সংখ্যলঘু সম্প্রদায় জামায়াতে ইসলামীর কাছে আমানত। জামায়াত এ আমানত শেষ রক্ত বিন্দু দিয়ে হলেও রক্ষা করবে ইনশাআল্লাহ।

জামায়াতের এসব মিছিল সকাল সাড়ে ৯টায় দামুড়হুদা বাসস্ট্যান্ড থেকে

শুরু হয়ে উপজেলার প্রধান সড়ক ঘুরে দেউলীর মোড়ে শেষ হয়। দর্শনায় বাসস্ট্যান্ড হতে সকাল সাড়ে ১১টায় শুরু হয়ে রেলবাজার আওয়ামীলীগের মুক্ত মঞ্চে সমাবেশ ও দোয়া শেষে আবার বাসস্ট্যান্ডে এসে শেষ হয়। আলমডাঙ্গায় উপজেলা মুক্তমঞ্চে সমাবেশ শেষে বিশাল মিছিল শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে আল তায়বার মোড়ে এসে শেষ হয় এবং উপজেলার ভাংবাড়ীয়া ফুটবল মাঠে শোকরানা নামাজ অনুষ্ঠিত হয়। অপরদিকে দর্শনা পুরাতন বাজার থেকে মঙ্গলবার বিকাল সাড়ে ৩ টায় দর্শনা থানা ও পৌর বিএনপির উদ্দ্যগে ছাত্রজনতার আনন্দরালী অনুষ্টিত হয়েছে।

এ আনন্দ র্যালিটি দর্শনা পুরাতনবাজার থেকে দর্শনা বাসস্ট্যান্ড গিয়ে শেষ হয়। র্যালিতে খালেদা জিয়া ও তারেক রহমানের উৎসহপৃর্ন স্লোগান দেয়। র্যালি শেষে সম্প্রতি নিহত ছাত্র জনতার আত্নার মাগফেরাত কামনা করে দোয় ও আলোচনা সভা অনুষ্টিত হয়। এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা থানা বিএনপির সভাপতি খাজা আবুল হাসনাত, দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেটের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন, নাহারুল মাষ্টার, মসিউর রহমান, লুৎফর রহমান, আরিফ উদ্দীন, নাসির উদ্দীন খেদু, দর্শনা থানা বিএনপির আহবায়ক জালাল উদ্দীন লিটন, জালাল উদ্দীন, ফারুক মিয়া মহন মিয়া, আরাফাত, জাহান আলী, আশরাফুল প্রমুখ ।

দর্শনায় বঙ্গবন্ধুর ৪৯ তম শাহদত বার্ষিকী পালনে প্রস্তুতিমূলক

বিদেশি দূঃসাশনে লাঞ্ছিত নিপিড়িত ও অবহেলিত বাঙ্গালী জাতিকে মুক্তির পথ দেখিয়ে ছিলেন দূরদম, দূর্জয়, নির্ভিক মহাপ্রাণ, বাংলার শ্রেষ্ট বীর, কিংবদন্তি নেতা, বাঙ্গালী জাতির হৃদয় স্পন্দন, বাংলার মহানায়ক, হাজার বছরের শ্রেষ্ট বাঙ্গালী, অসাংবাদিত নেতা, বাংলাদেশের স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ

মজিবর রহমান। বঙ্গবন্ধুর ৪৯ তম শাহদত বার্ষিকী পালনে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে ব্যপক প্রস্তুতি গ্রহন করা হচ্ছে।

গতকাল শনিবার সকাল ১১ টা ও বিকালে দর্শনায় প্রস্তুতিমূলক মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়েছে। পৃথক এ দুটি সভায় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা-২ আসনের পরপর ৪ বারের নির্বাচিত সংসদ সদস্য, জনপ্রিয়, জননন্দিত জননেতা হাজি আলী আজগার টগর বলেন, স্বাধীননতা মহানায়ক বন্ধুবন্ধু শেখ মজিবর রহমানের ৪৯ তম শাহদত বার্ষিকীতে শোকবকে শক্তিত পরিণত করে, মুজিব চেতনায় জাগ্রত হয়ে শফত নিতে হবে জাতির জনক বঙ্গবন্ধুর হাতে গড়া সোনার বাংলাদেশে যারা অহেতুক অরাজকতা সৃষ্টি করে ঘোলা পানিতে মাছ স্বিকারের অপচেষ্টা করছে, সেই স্বাধীনতা বিরোধীদের শক্তহাতে প্রতিহত করার। পচাত্তরের ১৫ আগষ্ট যারা জাতীর জনককে স্বপরিবারের হত্যা করেছিলো সে স্বাধীনতা বিরোধী চক্র আবারো মাথাচারা দিয়ে উঠেছে।
পৃথক এ দুটি মতবিনিময়সভায় বিশেষ অতিথির বক্তব্য দেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান।

এমপি আলী আজগার টগরের আয়োজনে এ সভায় আরো বক্তব্য দেন, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, সহসভাপতি শফিকুল আলম, যুগ্নসম্পাদক গোলাম ফারুক আরিফ, ইউপি চেয়ারম্যান, কামাল উদ্দিন, শফি উদ্দিন, ইয়ামিন, শফিকুর রহমান রাজু, আ. করিম, শুকুর আলী, হযরত আলী, নিজাম উদ্দিন, মিল্টন মোল্লা, রবি বিশ্বাস, তাহাজ্জত মির্জা, সোহরাব হোসেন খান, আব্দুল হান্নান, মির্জা লিটন, আ্দুর রহমান, আওয়ামী লীগ নেতা সেকেন্দার আলী, জাহাঙ্গীর আলম, শুকুর আলী, আ. মালেক মোল্লা, জসিম উদ্দিন, গোলাম রসুল, প্রদীপ বিশ্বাস, মুন্তাজ আলী, বিল্লাল হোসেন, নজির আহমেদ, জিয়াবুল হক, শফিউল কবীর ইউসুফ, জাহিদুল ইসলাম, আবু তালেব, আবু সাঈদ খোকন, খলিলুর রহমান ভুট্রো, আজাদুল ইসলাম, স্বপন, আব্দুল হাকিম, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, সহসভাপতি সোলায়মান কবির, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু প্রমুখ।

দর্শনায় অধিকার বঞ্চিত ক্ষুদ্র নৃ-গোষ্টীর স্যানিটেশন উন্নয়ন কার্যক্রম পরিদর্শন

মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার আয়োজনে দর্শনায় অধিকার বঞ্চিত ক্ষুদ্র নৃ-গোষ্টীর স্যানিটেশন উন্নয়ন কার্যক্রম পরিদর্শন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল সাড়ে ১০ টায় দর্শনা পৌরসভার রামনগর কালিদাসপুর আদিবাসী পাড়ায় বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের বাস্তবায়নে এ সভা অনুষ্ঠিত হয়।

এ সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মৌচাক উন্নয়ন সংস্থার সভাপতি তক্কেল আলী, মৌচাক উন্নয়ন সংস্থার ম্যানাজার মকগুল হোসেন।

দর্শনায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্দ্যগে সেমি-পাকা স্বাস্থ্যসম্মত ল্যাটিন স্থাপন

দর্শনায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্দ্যগে কালিদাসপুর ১৬টি পরিবারের মাঝে সেমি-পাকা স্বাস্থ্যসম্মত ল্যাটিন বিনামূল্য স্থাপন করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার, দর্শন্য পৌরসভার ৬নং ওয়ার্ডের কালিদাসপুর গ্রামের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী যাদের কোন স্যানিটেশন ব্যবস্থা নাই। এমন ১৬টি পরিবারের জন্য ১৬টি সেমি-পাকা স্বাস্থ্যসম্মত ল্যাটিন স্থাপন করে দেওয়া হয়েছে। তাদের পরিবারের ১ (এক) জনকে স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবহার ও রক্ষনাবেক্ষনের

উপর এক দিনের ওরিয়েন্টশন প্রদান করা হয়।

প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,নির্বাহী পরিচালনক মনিরুজ্জামান, এ সময় আরও উপস্থিত ছিলেন, মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার ম্যানাজার মকবুল হোসেন, সুপারফাইজার জিল্লুর রহমান, আবদুল্লা আল মামুন, বিল্লাল হোসেন।

এ সময় উপকার ভোগীদের মধ্যে হরি বিশ্বাস, গয়েশ্বরী বাল্য, কনিকা নালা, সন্যাসী বিশ্বাস,শ্রী সুফল বিশ্বাস, শ্রীমতি বিসু বালা, অলোকা রানীর বাড়িতে বিনামূল্য একটি করে সেমি পাকা ল্যাটিন স্থাপন করেন। তারা সেমি পাকা ল্যাটিন পেয়ে মৌচাক সমাজ কল্যান সংস্থার সাধুবাদ জানিয়েছে

দর্শনায় ৪ টি স্বর্নের বারসহ ২ চাচাতো ভাই আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা কাঁচাবাজার থেকে ৪টি অবৈধ স্বর্ণের বার ও তাদের ব্যবহৃত মোটরসাইকেলসহ ২ জন চোরাকারবারীকে আটক করেছে চুয়াডাঙ্গা ডিটেক্টিভ ব্রাঞ্চ (ডিবি পুলিশ)।

আজ বুধবার (৩১ জুলাই) দুপুর ২টার দিকে একদল ডিবি সদস্য অভিযান চালিয়ে চোরাকারবারীদের কোমরে নীল রঙের কাপড় দিয়ে পেঁচানো স্বর্ণের বার গুলো জনসমক্ষে উদ্ধার করে।

আটক চোরাকারবারীরা হলো দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের ইউসুফ আলী ওরফে তেলা ইউসুফের ছেলে ইসরাফিল (৪০) ও একই গ্রামের রয়েল মন্ডলের ছেলে রেজাউল (৫০)। তারা পরস্পর আপন চাচাতো ভাই।

চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এ্যান্ড অপস) নাজিম উদ্দিন আল-আজাদ ঘটনাস্থলে উপস্থিত হয়ে সাংবাদিকদের জানান, গোপনে খবর পেয়ে এসআই সোহেল রানার নের্তৃত্বে একদল ডিবি সদস্য লোকনাথপুর হতে সন্দেহভাজন দু’চোরাকারবারীকে ধাওয়া করে। তারা কালো রঙের হিরো হোন্ডা সিবিজেড (ঢাকা মেট্রো ল ১৩-৩৬৬৫)

মোটরসাইকেল চালিয়ে দর্শনা কাঁচাবাজারে আসলে সেখান থেকে তাদের আটক করা হয়। এরপর তাদের কোমরে নীল রঙের কাপড় দিয়ে পেঁচানো স্বর্ণের বার গুলো জনসমক্ষে উদ্ধার করা হয়। উদ্ধার করা স্বর্ণের বারের ওজন ৪ কেজি ২৫ গ্রাম। যার আনুমানিক মূল্য ৩ কোটি ৮০ লাখ টাকা।

এ ব্যাপারে দর্শনা থানায় আটক দু’চোরাকারবারীর বিরুদ্ধে মামলা এবং উদ্ধারকরে জব্দ করা অবৈধ স্বর্ণের বারগুলো পরীক্ষা শেষে চুয়াডাঙ্গা ট্রেজারী কার্যালয়ে জমা দেয়া হবে বলে তিনি জানান।

দর্শনায় ৬০ লিটার চোলাই মদসহ ৩ জন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৬০ লিটার চোলাই মদসহ ৩ জনকে গ্রেফতার করেছে।

জানাযায় গতকাল সোমবার রাত সাড়ে ১০ টার দিকে দর্শনা রেল বাজার থেকে তাদের ৩ জনকে গ্রেফতার করে। গ্রেফতারকৃতরা হলো দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের আঃ মান্নানের ছেলে রিপন (৩৭) দর্শনা শান্তিপাড়ার টুকু মিয়ার ছেলে জসিম মিয়া (৪৪) ও ঈশ্বর চন্দ্রপুর গ্রামের মহি উদ্দিনের ছেলে রাজিব উদ্দিনকে (২৮) গ্রেফতার করেছে।

দর্শনা পুলিশ জানায়,দর্শনা রেল বাজারস্থ মনোরঞ্জন মার্কেটের দক্ষিন পাশে মেসার্স লিখন এন্টারপ্রাইজ এর সামনে ইটের সলিং রাস্তার উপর থেকে প্লাস্টিকের ৬ কন্টনেটার ভর্তি বাংলা মদ কেনাবেচা করছে। এ সময় দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা থানার এসআই(নিঃ) তারেক হাসান সঙ্গীয় অফিসার-ফোর্সসহ ৬০ লিটার চোলাই মদসহ তাদেরকে গ্রেফতার করে।